

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৭৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫১. রুকৃ' ও সাজদার দু'আ

باب مَا يَقُولُ الرَّجُلُ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، عَنْ عَمْرِو بْنِ قَيْسٍ، عَنْ عَاصِمِ بْنِ حُمَيْدٍ، عَنْ عَوْفِ بْنِ مَالِكِ الأَشْجَعِيّ، قَالَ قُمْتُ مَعَ رَسُولِ اللهِ صلي عَنْ عَاصِمِ بْنِ حُمَيْدٍ، عَنْ عَوْفِ بْنِ مَالِكِ الأَشْجَعِيّ، قَالَ قُمْتُ مَعَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم لَيْلَةً فَقَامَ فَقَرَأً سُورَةَ الْبَقَرَةِ لَا يَمُرُّ بِآيَةِ رَحْمَةٍ إِلَا وَقَفَ فَسَأَلَ وَلَا يَمُرُ بِآيَةِ عَذَابٍ إِلَا وَقَفَ فَسَأَلَ وَلَا يَمُرُ بِآيَةٍ عَذَابٍ إِلَا وَقَفَ فَتَعَوَّذَ _ قَالَ _ ثُمَّ رَكَعَ بِقَدْرِ قِيَامِهِ يَقُولُ فِي رُكُوعِهِ " سُبْحَانَ ذِي بِآيَةِ عَذَابٍ إِلَا وَقَفَ فَتَعَوَّذَ _ قَالَ فِي سُجُودِهِ مِثْلَ الْجَبَرُوتِ وَالْمَلَكُوتِ وَالْكِبْرِيَاءِ وَالْعَظَمَةِ " . ثُمَّ سَجَدَ بِقَدْرِ قِيَامِهِ ثُمَّ قَالَ فِي سُجُودِهِ مِثْلَ الْجَبَرُوتِ وَالْمَلَكُوتِ وَالْكِبْرِيَاءِ وَالْعَظَمَةِ " . ثُمَّ سَجَدَ بِقَدْرِ قِيَامِهِ ثُمَّ قَالَ فِي سُجُودِهِ مِثْلَ ذَلِكَ _ ثُمَّ قَامَ فَقَرَأَ بِآلِ عِمْرَانَ ثُمَّ قَرَأً سُورَةً سُورَةً

_ صحيح

বাংলা

৮৭৩। 'আওফ ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সালাত আদায়ে দাঁড়ালাম। তিনি সূরাহ বাকারাহ্ তিলাওয়াতের সময় কোন রহমতের আয়াতে পৌঁছলে তথায় থেমে রহমত চাইতেন এবং যখন কোন আযাবের আয়াতে পৌঁছতেন, তখন সেখানে থেমে আযাব হতে আশ্রয় প্রার্থনা করতেন। অতঃপর তিনি কিয়ামের সমপরিমাণ সময় রুকৃ'তে অবস্থান করেন এবং তাতে "সুবহানা যিল্ জাবারুতি ওয়াল মালাকৃতি ওয়াল কিবরিয়াই ওয়াল 'আযমাতি" পাঠ করেন। অতঃপর তিনি কিয়ামের সমপরিমাণ সময় সিজদাতে অবস্থান করেন এবং তাতেও উক্ত দু'আ পাঠ করেন। অতঃপর তিনি (দ্বিতীয় রাক'আতে) দাঁড়িয়ে সূরাহ্ আলে-'ইমরান তিলাওয়াত করেন। অতঃপর (প্রত্যেক রাক'আতে) একটি করে সূরাহ তিলাওয়াত করেন।[1]

সহীহ।



English

Narrated Awf ibn Malik al-Ashja'i:

I stood up to pray along with the Messenger of Allah (ﷺ); he got up and recited Surat al-Baqarah (Surah 2).

When he came to a verse which spoke of mercy, he stopped and made supplication, and when he came to verse which spoke of punishment, he stopped and sought refuge in Allah, then he bowed and paused as long as he stood (reciting Surah al-Baqarah), and said while bowing, "Glory be to the Possessor of greatness, the Kingdom, grandeur and majesty."

Then he prostrated himself and paused as long as he stood up and recited Surat Aal Imran (Surah 3) and then recited many surahs one after another.

ফুটনোট

[1] তিরমিয়া 'শামায়িলি মাহমুদিয়্যাহ, হাঃ ২৯৮), নাসায়ী (অধ্যায় : তাত্ববীক্ক, হাঃ ১০৪৭), আহমাদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন